

চাঁদা চেয়ে সাতক্ষীরা সরকারি কলেজের ১১ শিক্ষককে সর্বহারার ফোন

নিজস্ব প্রতিবেদক, সাতক্ষীরা

৭ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ৭ আগস্ট ২০১৯ ০০:৪৮

‘আপনি অমুক বলছেন।’ উত্তর : ‘জি বলছি।’ ‘আমি সর্বহারার

পার্টি এমএল গ্রুপের আঞ্চলিক প্রধান। আপনি আমাদের লিডারের সাথে সালাম দিয়ে কথা বলুন।’

এভাবেই মোবাইল ফোনে এক এক করে সাতক্ষীরা সরকারি কলেজের ১১ শিক্ষককে হুমকি দিয়ে চাঁদা দাবি করেছে চরমপন্থি দলের ক্যাডাররা। তারা বলেছে, ‘টাকা না দিলে ১০ মিনিটের মধ্যে তোর কী হাল হয় দেখে নিস।’ এর পর ফোন বন্ধ। যে দুটি ফোন থেকে গত রবিবার ও সোমবার কলেজ চলাকালে এই হুমকি দেওয়া হয়েছিল, সেগুলো হচ্ছে ০১৯৩৪৫০২৯০৪ ও ০১৯৯৯১৩৯৬৬২। তবে পুলিশ এই নম্বর দুটি কার নামে রেজিস্ট্রেশন করা তা খুঁজছে।

সাতক্ষীরা সরকারি কলেজের ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক বলাই চন্দ্র ঘোষ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে সাতক্ষীরা থানায় গত সোমবার এ বিষয়ে একটি জিডি করেছেন।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান, বিষয়টি সম্পর্কে সাতক্ষীরা পুলিশ সুপারকে জানানো হয়েছে। তার পরামর্শে জিডি করা হয়। সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তাফিজুর রহমান বলেন, এ বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। হুমকিদাতাদের আটক করারও চেষ্টা চলছে বলে জানান তিনি।

advertisement